প্রথম আলো

তারিখ ...06 OCT 2015...
পৃষ্ঠা ...৬... কলাম ...৬...

# ভর্তি-ইচ্ছুকদের কাছ থেকে ছাত্রলীগের টাকা আদায়

মুন্সিগঞ্জ প্রতিনিধি ●

মুন্সিগঞ্জে সরকারি হরগঙ্গা কলেজে স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীদের কাছ থেকে ছাত্রলীগ অবৈধভাবে টাকা আদায় করছে বলে অভিযোগ উঠেছে।

কলেজে ভর্তির জন্য আবেদনকারী একাধিক শিক্ষার্থী *প্রথম আলো*কে বলেন, কলেজ শাখা ছাত্রলীগের খোলা স্টুডেন্টস হেল্প সেন্টারের মাধ্যমে আবেদন করতে হয়। আবেদনপত্রের পেছনে ছাত্রনেতাদের স্বাক্ষর ও সিল না থাকলে তা কলেজ কর্তৃপক্ষ গ্রহণ করে না। ফরম পূরণ হলে সই দিয়ে প্রত্যেক আবেদনকারীর কাছ থেকে ১৩০ টাকা আদায় করে ছাত্রলীগ।

কলেজ ক্যাম্পাসের ভেতরে প্রধান ফটকের পাশেই একটি কক্ষে ছাত্রলীগের নেতা-কর্মীরা ওই কেন্দ্র খুলেছেন। সেখানে দুটি কম্পিউটারে ভর্তির আবেদনপত্র পূরণ করা হয়। শিক্ষার্থীরা কোন বিষয়ে ভর্তি হতে চান, তা-ও ছাত্রলীগের নেতা-কর্মীরা নিয়ন্ত্রণ করেন বলে অভিযোগ পাওয়া গেছে।

জানা গেছে, কলেজের ১৫টি বিষয়ে স্নাতক চালু আছে। প্রথম বর্ষে ভর্তির আসন রয়েছে ১ হাজার ৪৪৫টি। ১ অক্টোবর থেকে ভর্তির আবেদন গ্রহণ শুরু হয়। চলবে ২৫ অক্টোবর পর্যন্ত। ইতিমধ্যে প্রায় ৫০০ আবেদন জমা হয়েছে। প্রতিবছর স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ভর্তির জন্য তিন থেকে চার হাজার শিক্ষার্থী আবেদন করেন।

মো. কামাল হোসেন নামের একজন শিক্ষার্থী বলেন, 'বাইরের একটি কেন্দ্র থেকে ৭০ টাকা দিয়ে ভর্তির আবেদনপত্র পূরণ করি। এরপর এখানে স্টুডেন্টস হেল্প সেন্টারে ছাত্রনেতাদের সিল-স্বাক্ষর নেওয়ার জন্য আরও ১৩০ টাকা দিতে হয়েছে।'

নাম প্রকাশ না করার শর্তে আরেকজন ছাত্র বলেন, 'স্টুডেন্ট হেল্প সেন্টারে আমাদের পছন্দের বিষয়ও তাঁরা নির্ধারণ করে দিচ্ছেন।'

কলেজ শাখা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক শাওন আহম্মেদ বলেন, 'আমরা শিক্ষার্থীদের সহায়তা করার জন্য স্টুডেন্টস হেল্প সেন্টার খুলেছি। এখানে ফরম পূরণ করে দেওয়া হচ্ছে। কারও পছন্দের বিষয় নিয়ন্ত্রণের অভিযোগ সত্য নয়।'

অভিযোগ অস্বীকার করে ভর্তি কমিটির সদস্য ইসলামের ইতিহাসের প্রভাষক লুৎফর রহমান বলেন, 'আমাদের কাছে কোনো শিক্ষার্থী আবেদনপত্র নিয়ে এলে আমরা গ্রহণ করি।' কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ সাহেদুল কবির বলেন, 'এর সঙ্গে আমাদের কোনো সংশ্লিষ্টতা নেই।'